



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষণিক সদস্য-৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭

ই-মেইল info@nhrc.org.bd ওয়েব : www.nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/Suomoto/০১/২০২০-৪৪৬৩

তারিখ: ১৫/০১/২০২০


বিষয়: শিশুকে নির্যাতন সংক্রান্ত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ।

১৩ জানুয়ারি ২০২০ ‘সময় নিউজে’ “ঘুম থেকে তুলে নিয়ে হাত-পা বেঁধে শিশুকে নির্মম নির্যাতন” শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে, গত ১০ জানুয়ারি গাইবান্ধায় গভীর রাতে ঘুমন্ত রাফিকুলকে বাড়ি থেকে ডেকে নিয়ে যায় প্রতিবেশী ফজলু ইয়াজল ও নাজমুল। রাতভর ফজলুর বাড়িতে বেঁধে রেখে মারধরের পর রাফিকুলের পরিবারের কাছে ১০ হাজার টাকা দাবি করেন তারা। তাৎক্ষণিক তিন হাজার টাকা দিলেও মন গেলেনি তাদের। পরদিন সকালে আবারো শত শত মানুষের সামনে হাত পা বেঁধে রাফিকুলের ওপর চলে পাশবিক নির্যাতন। রাফিকুল ও তার ভাইয়ের অভিযোগ, পূর্ব শত্রুতার জেরে গরুর চুরির মিথ্যা অভিযোগে এমন নির্যাতন চালায় তারা।

০২। অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী ১৬/০২/২০২০ তারিখের মধ্যে কমিশনে প্রতিবেদন প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংখ্যা: ০১ পাতা ১

জেলা প্রশাসক
গাইবান্ধা।


১৫/০১/২০২০
আল-মাহমুদ ফায়জুল কবীর
পরিচালক (অভিযোগ ও তদন্ত)
(জেলা ও দায়রা জজ)
জাতীয় মানবাধিকার কমিশন
ফোনঃ ৫৫০১৩৭১৮(দপ্তর)